



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌপরিবহন অধিদপ্তর
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬



তারিখ: ২৪/০২/২০২৬ খ্রি.

সরকারি/বেসরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের আন্তঃ একাডেমি মাইগ্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিষয়ঃ “সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬” শিক্ষাবর্ষে সরকারি/বেসরকারি মেরিন একাডেমিসমূহে শূন্য আসনের বিপরীতে (আসন শূন্য থাকা সাপেক্ষে) আন্তঃ একাডেমি মাইগ্রেশনের আগ্রহীদের জন্য নির্দেশনা।

(ক) “সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬” শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২৪.০২.২০২৬ তারিখ এর মধ্যে সরকারি/বেসরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে শুধুমাত্র তারা ২৪.০২.২০২৬ তারিখ রাত ০৮:০০ ঘটিকা হতে ২৫.০২.২০২৬ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে ওয়েবসাইট (dos.gov.bd or doscadet.solutionart.net) এ লগইন করে মাইগ্রেশনের জন্য আবেদন করতে পারবেন। মাইগ্রেশনের আবেদন করে তা বাতিল করা যাবে না।

(খ) ভর্তিকৃত প্রার্থীদের মধ্যে যারা মাইগ্রেশনের জন্য আবেদন করবে তাদের মেধা ও পছন্দের উর্দ্ধক্রম অনুযায়ী মাইগ্রেশনের মাধ্যমে সরকারি/বেসরকারি মেরিন একাডেমিসমূহের শূন্য আসন (শূন্য থাকা সাপেক্ষে) পূরণ করা হবে। মেধা ও পছন্দের উর্দ্ধক্রম অনুযায়ী প্রার্থী যে মেরিন একাডেমিতে সুযোগ পাবে সেখানে ভর্তি হতে বাধ্য থাকবে। এক্ষেত্রে পূর্বের মেরিন একাডেমিতে ফেরৎ আসার কোন সুযোগ থাকবে না।

(গ) যারা বর্তমান একাডেমিতে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক তাদের মাইগ্রেশনের জন্য আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) বেসরকারি মেরিন একাডেমিসমূহে নির্বাচিত যে সকল প্রার্থীগণ ২৪.০২.২০২৬ তারিখ এর মধ্যে তাদের ভর্তির কার্যক্রম সম্পন্ন করবে না তাদের আসন শূন্য ঘোষণা করা হবে। শূন্য আসনের বিপরীতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী অপেক্ষমান তালিকা (আসন শূন্য থাকা সাপেক্ষে) থেকে ফলাফল প্রকাশ করা হবে।

ক্যাপ্টেন সাঈদ আহমেদ
কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব),
নৌপরিবহন অধিদপ্তর ও সদস্য সচিব
সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ পরিচালনা কমিটি